গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালীগঞ্জ, গাজীপুর।
www.kaliganj.gazipur.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩৩৪.০০০.০৭.০০১.২৫- ৬১

তারিখ ঃ ০১ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি,২০২৫ খ্রি.

বাংলা ১৪৩২ সনের জন্য ০১ (এক) বছর মেয়াদে সরকারি হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার কালীগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত সরকারি হাট-বাজারসমূহ বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত নিম্নোক্ত সময়সূচী মোতাবেক সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সিডিউল নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক অফিস চালাকালীন (সরকারি ছুটির দিন ব্যতীত) নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর, সহকারী কমিশনার (ভূমি), কালীগঞ্জ, গাজীপুর এর কার্যালয় এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের সংশ্লিষ্ট শাখা হতে ক্রয় করা যাবে। সকল দরপত্র সীলগালাকৃত খামে বর্ণিত তারিখ ও সময়ে জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কালীগঞ্জ, গাজীপুর এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে সকাল ৯.০০টা হতে বেলা ২.০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং ঐ দিনই বিকাল ৩.০০ টায় উপস্থিত দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। হাট-বাজারের দরপত্র ক্রয় এবং দাখিলের সময়সূচি অনুযায়ী ১ম বার যে সমস্ত হাট-বাজারের দরপত্র গৃহীত হবে না ২য় বার শুধুমাত্র সে সকল হাট-বাজারের দরপত্র বিক্রি ও গ্রহণ করা হবে। একই নিয়মে ৩য় ও ৪র্থ বারের জন্য দরপত্র বিক্রি ও গ্রহণ করা হবে। এজন্য পৃথকভাবে কোন দরপত্র বিজ্ঞপ্তি জারী করা হবে না। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বারকারীর কার্যালয় হতে জানা যাবে।

দরপত্র ক্রয়, দরপত্র দাখিল ও খোলার সময়সূচী

ক্র.নং	পর্যায়	দরপত্র সিডিউল বিক্রির শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
০১	১ম বার	বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৮.০২.২০২৫ খ্রি. এর মধ্যে (০৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে) সকাল ৯.০০- বিকাল ৪.০০ টা পর্যন্ত	১৯.০২.২০২৫ খ্রি. (০৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ) সকাল ৯.০০টা - দুপুর ২.০০ টা পর্যন্ত	১৯.০২.২০২৫ খ্রি. (০৬ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ) বিকাল ৩.০০ টা	--
০২	২য় বার	বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৩.০৩.২০২৫ খ্রি. এর মধ্যে (১৮ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে) সকাল ৯.০০- বিকাল ৪.০০ টা পর্যন্ত	০৪.০৩.২০২৫ খ্রি. (১৯ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ) সকাল ৯.০০টা - দুপুর ২.০০ টা পর্যন্ত	০৪.০৩.২০২৫ খ্রি. (১৯ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ) বিকাল ৩.০০ টা পর্যন্ত	১ম বারের অবশিষ্ট হাট বাজার
০৩	৩য় বার	বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৯.০৩.২০২৫ খ্রি. এর মধ্যে ০৫ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে সকাল ৯.০০- বিকাল ৪.০০ টা পর্যন্ত	২০.০৩.২০২৫ খ্রি. (০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ) সকাল ৯.০০টা - দুপুর ২.০০ টা পর্যন্ত	২০.০৩.২০২৫ খ্রি. (০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ) বিকাল ৩.০০ টা	২য় বারের অবশিষ্ট হাট বাজার
০৪	৪র্থ বার	বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৬.০৪.২০২৫ খ্রি. এর মধ্যে ২৩ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ এর মধ্যে সকাল ৯.০০- বিকাল ৪.০০ টা পর্যন্ত	০৭.০৪.২০২৫ খ্রি. (২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ) সকাল ৯.০০টা - দুপুর ২.০০ টা পর্যন্ত	০৭.০৪.২০২৫ খ্রি. (২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ) বিকাল ৩.০০ টা	৩য় বারের অবশিষ্ট হাট বাজার

হাট-বাজারের বিবরণ

ক্রমিক নং	হাট-বাজারের নাম	হাট-বাজারের অবস্থান	সরকারি মূল্য	দরপত্র সিডিউল মূল্য
১.	বাশাইর বাজার	বাহাদুরসাদী ইউনিয়ন	৪,৩৭,৯৫৭/-	১,৬০০/-
২.	ঈশ্বরপুর বাজার	বাহাদুরসাদী ইউনিয়ন	৩,০০০/-	৫০০/-
৩.	ধোলাসাধু খাঁ বাজার	বাহাদুরসাদী ইউনিয়ন	১,৬০০/-	৫০০/-
৪.	দোলান বাজার	জামালপুর ইউনিয়ন	৬,০৪,৯০৭/-	২,০০০/-
৫.	জামালপুর বাজার	জামালপুর ইউনিয়ন	১,৬৩,৫৯৪/-	১,০০০/-
৬.	নারগানা হাট বাজার	জামালপুর ইউনিয়ন	৩২,৪০০/-	৫০০/-
৭.	তেরমুখ বাজার	জামালপুর ইউনিয়ন	১,৬০০/-	৫০০/-
৮.	বড়গাঁও বাজার	মোক্তারপুর ইউনিয়ন	১,১৭,৮০১/-	১০০০/-
৯.	সাওরাইদ বাজার	মোক্তারপুর ইউনিয়ন	২৭,৩৪৮/-	৫০০/-

(চলমান -২)

CamScanner

ক্রমিক নং	হাট-বাজারের নাম	হাট-বাজারের অবস্থান	সরকারি মূল্য	দরপত্র সিডিউল মূল্য
১০.	নোয়াপাড়া বাজার	মোক্তারপুর ইউনিয়ন	৭,৩০০/-	৫০০/-
১১.	রাথুরা বাজার	মোক্তারপুর ইউনিয়ন	৩৯,৬৪৪/-	৫০০/-
১২.	নাসু মার্কেট	মোক্তারপুর ইউনিয়ন	১২,৯৯২/-	৫০০/-
১৩.	নাসির মার্কেট	মোক্তারপুর ইউনিয়ন	১,০০০/-	৫০০/-
১৪.	মৈশাইর বাজার	মোক্তারপুর ইউনিয়ন	৯১৯/-	৫০০/-
১৫.	আওড়াখালী বাজার	জাঙ্গালিয়া ইউনিয়ন	২৫,৯১১/-	৫০০/-
১৬.	জাংগালিয়া বাজার	জাঙ্গালিয়া ইউনিয়ন	১০,৯৮৯/-	৫০০/-
১৭.	নরুন নামা বাজার	জাঙ্গালিয়া ইউনিয়ন	৩,১৮০/-	৫০০/-
১৮.	পুনসহি বাজার	জাঙ্গালিয়া ইউনিয়ন	২,৬৫০/-	৫০০/-
১৯.	নাগরী বাজার	নাগরী ইউনিয়ন	৬,৩৭,৯৪৩/-	২,০০০/-
২০.	উলুখোলা বাজার	নাগরী ইউনিয়ন	৫,৭৭,০৬৪/-	১,৮০০/-
২১.	বড়কাউ বাজার	নাগরী ইউনিয়ন	৩২,১৫৩/-	৫০০/-
২২.	গলান বাজার	নাগরী ইউনিয়ন	৩,৫৩৪/-	৫০০/-
২৩.	রাজনগর বাজার	বক্তারপুর ইউনিয়ন	৫,৫৫৪/-	৫০০/-
২৪.	ভ্রাক্ষণাগাঁও বাজার	বক্তারপুর ইউনিয়ন	৩,৪৪৫/-	৫০০/-
২৫.	ফুলদী বাজার	বক্তারপুর ইউনিয়ন	২,৩০০/-	৫০০/-
২৬.	সাধুর হাট	বক্তারপুর ইউনিয়ন	১,১০০/-	৫০০/-
২৭.	ভাটিরা বাজার	বক্তারপুর ইউনিয়ন	১,৬০০/-	৫০০/-

শর্তাবলী

১। বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বছর মেয়াদের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে ।

২। দরপত্র দাতা কর্তৃক জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর এর স্থানীয় সরকার শাখা , সহকারী কমিশনার (ভূমি), কালীগঞ্জ,গাজীপুর এর কার্যালয় এবং নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফেরতযোগ্য নির্ধারিত অর্থ জমা প্রদানপূর্বক দরপত্র সিডিউল এবং ইজারা সম্পর্কিত যাবতীয় তথ্য সংগ্রহ করা যাবে। দরপত্র সিডিউল বিক্রির এবং জমা দেয়ার নির্ধারিত তারিখ ও সময় ব্যতীত কোন দরপত্র সিডিউল বিক্রি অথবা গ্রহণ করা হবে না।

৩। দরপত্রদাতা কর্তৃক দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, গাজীপুর বরাবরে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে দরপত্রের সাথে জমা করতে হবে। কৃতকার্য দরপত্র দাতার উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমম্বয় করা হবে বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৪। ১ম বার দরপত্র গ্রহণের পর কাঙ্খিত দর না পাওয়া গেলে এমন হাট-বাজারের জন্য পরবর্তী তারিখে দরপত্র গ্রহণ করা হবে এবং দরপত্র গ্রহণের পরবর্তী তারিখগুলোতে একই ধারা অব্যাহত থাকবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজরের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। প্রতিবার দরপত্রে অংশ গ্রহণের জন্য দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

৬। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট- বাজারের সরকারি মূল্যের কম হয় সে ক্ষেত্রে পুনরায় দরপত্র আহবান করা হবে। তবে একাধিক দরপত্রে উল্লেখিত ইজারামূল্য সমান হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

৭। দরপত্রে ইজারামূল্য অংকে এবং কথায় লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি,ঘষামাজা এবং কোন প্রকার ওভাররাইটিং পরিলক্ষিত হলে তা বাতিল বলে গণ্য হবে।দরপত্রদাতার স্বাক্ষর ও পূর্ণ নাম,পিতার নাম,পূর্ণ ঠিকানা ও মোবাইল নম্বর দরপত্রে স্পষ্টভাবে লিখতে হবে এবং দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরপত্রদাতার স্বাক্ষর থাকতে হবে। অন্যথায়,দরপত্র বাতিল বলে গণ্য হবে। তাছাড়া,অসম্পূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। কৃতকার্য দরপত্রদাতাকে তার দরপত্র গৃহীত হবার বিষয় অবহিত হবার ৭(সাত) দিনের মধ্যে দরপত্রের (উদ্বৃত দরের) অবশিষ্ট ৭৫% ভাগ অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয় কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে । অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে ও জামানত বাজেয়াপ্ত হবে

৯। কৃতকার্য দরপত্র দাতা সরকারি বিধান মোতাবেক ইজারার সাকুল্য টাকা, ভ্যাটের সাকুল্য টাকা এবং আয়করের সাকুল্য টাকা পরিশোধ পূর্বক ৩০০/-(তিনশত)টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে (তার নিজ খরচায়) লিখিত চুক্তিপত্রের মাধ্যমে হাট-বাজারের দখল বুঝে নিতে বাধ্য থাকবেন।

১০। ইজারাদারকে বাজারের অনুমোদিত টোল চার্ট বাজারের প্রকাশ্য স্থানে স্থায়ীভাবে টাংগিয়ে রাখতে হবে এবং অনুমোদিত টোল চার্টের অতিরিক্ত টোল আদায় করা চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন মর্মে বিবেচিত হবে। ক্রেতা/বিক্রেতা উভয়ের নিকট হতে টোল আদায় করা যাবেনা। যে কোন একজনের নিকট হতে চার্ট মোতাবেক টোল আদায় করা যাবে। পাকা রশিদের মাধ্যমে হাট-বাজারের টোল আদায় করতে হবে।

CamScanner

১১। হাট-বাজারের ইজারা প্রদান সম্পর্কে কারো কোন অভিযোগ থাকলে তা দরপত্র গ্রহণের ২(দুই)কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট লিখিতভাবে দাখিল করতে হবে।

১২। ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত হাট/বাজার অন্যের নিকট ইজারা বন্দোবস্ত (সাবলীজ) দিতে পারবেন না। যদি অনুরুপ কোন কার্যকলাপ বা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন ধরা পড়ে তবে তার ইজারামূল্য বাজেয়াপ্তসহ ইজারা বাতিল বলে গন্য হবে এবং ইজারাদার আইনতঃ দন্ডনীয় হবেন।

১৩। সর্বোচ্চ দরপত্র গ্রহণের পর কর্তৃপক্ষ কর্তৃক উহা অনুমোদিত না হলে প্রদত্ত ইজারা বাতিল বলে গণ্য হবে,এতে ইজারাদারের/ দরপত্রদাতার কোন আপত্তি চলবে না।

১৪। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় কর্তৃক ০৬ আশ্বিন ১৪১৮ বাংলা/ ২১ সেপ্টেম্বর ২০১১ খ্রি. জারীকৃত নীতিমালায় উল্লিখিত সকল শর্ত ইজারার শর্ত হিসেবে গণ্য হবে।

১৫। সরকার কর্তৃক প্রণীত আইন/বিধিমালা এবং সার্কুলার বলে ইজারা গ্রহীতার উদ্বৃত মূল্যের উপর কোন কর বা অন্য কোন দাবী আরোপিত হলে চাহিবামাত্র তা কোন ওজর আপত্তি ব্যতিরেকে ইজারাদার পরিশোধ করতে বাধ্য থাকবেন। এ জাতীয় কোন নির্দেশ পালনে ব্যর্থ হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং উপযুক্ত আইনবলে ইজারাদাতা ইজারা গ্রহীতার নিকট হতে তা আদায়ের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬। খামের উপর দরদাতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

১৭। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৮। ইজারাপ্রদানকারী কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০।১।২৫

তনিমা অফ্রাদ
উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, গাজীপুর।
ফোনঃ ০১৭৮৩-৮৬৯০৩০
unokaliganjgazipur@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৩৩৩৪.০০০.০৭.০০১.২৫-৬৭

তারিখ ঃ ০১ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি,২০২৫ খ্রি.

বিতরণ ঃ সদয় অবগতি /অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

২। জেলা প্রশাসক, গাজীপুর।
৩। উপপরিচালক,স্থানীয় সরকার,গাজীপুর।
৪। প্রশাসক উপজেলা পরিষদ, কালীগঞ্জ, গাজীপুর।
৫। প্রশাসক,কালীগঞ্জ পৌরসভা, গাজীপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
৭। সহকারী কমিশনার (ভুমি),কালীগঞ্জ,গাজীপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
৮। অফিসার ইনচার্জ, কালীগঞ্জ থানা,গাজীপুর (দরপত্র দাখিলের দিনসমূহে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে প্রয়োজনীয় সংখ্যক পুলিশফোর্স মোতায়েনের অনুরোধসহ)
৯। উপজেলা..অফিসার (সকল),কালীগঞ্জ,গাজীপুর(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)।
১০। উপজেলা..................................অফিসার ও সদস্য সচিব/সদস্য, উপজেলা হাট-বাজার ইজারা দরপত্র মূল্যায়ন কমিটি,কালীগঞ্জ, গাজীপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচার এবং দরপত্র খোলার নির্ধারিত তারিখ যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।
১১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, কালীগঞ্জ, গাজীপুর (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। চেয়ারম্যান/ প্রশাসক,ইউনিয়ন পরিষদ(সকল), কালীগঞ্জ,গাজীপুর (বিজ্ঞপ্তিটি ঢোলশহরতের মাধ্যমে তাঁর ইউনিয়নের সংশ্লিষ্ট হাট বাজার এবং জনবহুল স্থানে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ দরপত্র খোলার নির্ধারিত তারিখ যথাসময়ে উপস্থিত থাকার অনুরোধসহ)।
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,ইউনিয়ন ভুমি অফিস,(সকল) কালীগঞ্জ,গাজীপুর। তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট হাট-বাজারসহ জনবহুল স্থানে ঢোলশহরত এবং মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতঃ নির্ধারিত তারিখের পূর্বেই এস,আর (বাস্তবায়ন প্রতিবেদন) আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হল।
১৪। সভাপতি/সম্পাদক ....কালীগঞ্জ,গাজীপুর।
১৫। জনাব..কালীগঞ্জ,গাজীপুর।
১৬। উপজেলা পরিষদ নোটিশ বোর্ড, কালীগঞ্জ, গাজীপুর।
১৭। অফিস কপি।

২০।১।২৫

উপজেলা নির্বাহী অফিসার
কালীগঞ্জ, গাজীপুর।

CamScanner